গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bomd.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়নের অংশ হিসাবে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণ সভার কার্যবিবরণী অবহিতকরণ।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আঃ খালেক মল্লিক<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব ) |
| সভার তারিখ | ১১ সেপ্টেম্বর, ২০২৩ |
| সভার সময় | দুপুর ১২.৩০ টা |
| স্থান | ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম |
| উপস্থিতি | রেকর্ডেড |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। এ সভায় বিসিএমসিল, এমজিএমসিএল বিপিআই, জিএসবি, হাইড্রোকার্বন ইউনিট সহ বিএমডির সিলিকাবালু কোয়ারি ইজারাদারগণ উপস্থিত ছিলেন। খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)'র সেবা বিষয়ে কোন অভিযোগ থাকলে তা অবহিত করার মাধ্যম সম্পর্কে সভাপতি বিস্তারিত আলোকপাত করার নির্দেশ দেন।

২.০ সভাপতির অনুমতিক্রমে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ সম্পর্কে আলোকপাত করেন। তিনি বলেন, অদ্যবধি জিআরএস সিস্টেম অনলাইন এবং সরাসরি কোন মাধ্যমেই কোন অভিযোগ পাওয়া যায়নি। এ প্রেক্ষিতে তিনি অংশীজনদের অভিযোগ দাখিল এর পদ্ধতিসমূহ সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। অনলাইনে (www.grs.gov.bd) উক্ত লিংকে প্রবেশ করে কেউ চাইলে অভিযোগ দাখিল করতে পারেন অথবা সরাসরি অভিযোগ দাখিলের সুযোগ রয়েছে বলে তিনি জানান। অংশীজনদের অবহিত করেন, তাদের সেবা সংক্রান্ত যেকোন অভিযোগ প্রতিকারে বিএমডি সর্বদা সচেষ্ট থাকবে। চলতি বছরের নভেম্বর মাস পর্যন্ত যদি জিআরএস সিস্টেমে কোন অভিযোগ না থাকে সেক্ষেত্রে ডিসেম্বর মাসে অংশীজনদের অবহিত করে সভা আয়োজন এর যে দিক নির্দেশনা রয়েছে, সে মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩.০ সভায় উপস্থিত অংশীজনদের মতামত জানতে চাইলে, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানির একজন প্রতিনিধি জানান বিএমডির কাছে তাদের সেবা সংক্রান্ত কোন অভিযোগ নেই। বিএমডির কর্মকর্তা উপপরিচালক (খনি ও খনিজ), চলতি দায়িত্ব হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধির নিকট থেকে এ বিষয়ে মতামত জানতে চান। এ প্রসঙ্গে হাইড্রোকার্বন ইউনিটের প্রতিনিধি দাপ্তরিক কাজে বিএমডির কাছে সবসময় ইতিবাচক সাড়া পেয়েছেন বলে জানান।

৪.০ সভার বিস্তারিত আলোচনা শেষে সভাপতি জানান, এ ধরনের সভায় স্থানীয় প্রশাসন সহ ইজারাদারদের সভায় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে অংশীজনদেরকে ভালোভাবে অবহিত করার লক্ষ্যে বড় পরিসরে সভা আয়োজনের দিক নির্দেশনা দেন।

৫.০ **সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :**

১. অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে অংশীজনদেরকে অবহিত করণের লক্ষ্যে জুম অনলাইন প্লাটফর্মে বড় পরিসরে সভা আয়োজন করতে হবে।

২. পরবর্তী সভায় বিএমডির ইজারাদারগণ/ইজারাপ্রত্যাশীগণ, স্থানীয় প্রশাসনসহ সংশ্লিষ্ট প্রতিনিধিগণের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

৬.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭-০৯-২০২৩
মোঃ আঃ খালেক মল্লিক
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব )
+৮৮০২৮৩৯১৫৬৭ (ফোন)
dg@bomd.gov.bd

তারিখ: ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৭.০০০০.০০৪.২৭.০০৪.১২(অংশ-২).৭৮৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজ সম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৪। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৫। মহাপরিচালক (যুগ্মসচিব), মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৬। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);
৭। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড;
৮। যুগ্মসচিব, প্রশাসন-৩ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
৯। জেনারেল ম্যানেজার, এভারলাস্ট মিনারেল্স লিমিটেড;
১০। জনাব মোঃ মিজানুর রহমান/ জনাব মোঃ শফিকুল ইসলাম/ জনাব সেলিম আহমেদ/ জনাব মোঃ সালেক মিয়া/ জনাব মোঃ পারভেজ হোসেন, সিলিকাবালু কোয়ারি ইজারাদার, হবিগঞ্জ, সিলেট এবং;
১১। পি. এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), বিএমডি, ঢাকা এবং
১২। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।।

২৭-০৯-২০২৩
প্রকৌঃ ফারজানা হক
সহকারী পরিচালক (খনি প্রকৌশল)